কালের কণ্ঠ

তারিখ 18 SEP 2017
পৃষ্ঠা 2 কলাম 4

# নৌকায় ভোট চাইলেন বাকৃবি উপাচার্য

বাকৃবি প্রতিনিধি ▷

দেশের চলমান উন্নয়নের ধারা অব্যাহত রাখার লক্ষ্যে সরকারের প্রস্তাবিত কাজগুলো সমাপ্ত করতে পুনরায় আওয়ামী লীগের নির্বাচনী প্রতীক নৌকায় ভোট চাইলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আকবর। শনিবার বাকৃবি পরিবারের পক্ষ থেকে বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার কালীতলা ঘাটে ত্রাণ বিতরণের সময় তিনি এ আহ্বান জানান।

জানা গেছে, এবারের বন্যায় ক্ষতিগ্রস্তদের বাকৃবির শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীরা এক দিনের বেতনের টাকা দিয়ে দ্বিতীয় দফায় এ ত্রাণ বিতরণ করেন। ত্রাণ হিসেবে প্রত্যেক পরিবারকে চাল, ডাল, আটা, বিস্কুট, তেল, ওরস্যালাইন, সবজিবীজ ইত্যাদি দেওয়া হয়। এর আগে তাঁরা জামালপুর জেলার ইসলামপুরে বন্যায় ক্ষতিগ্রস্তদের ত্রাণ দিয়েছিলেন। এ ছাড়া প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলেও অর্থ পাঠিয়েছিল বিশ্ববিদ্যালয়টি।

বাকৃবি পরিবারের পক্ষ থেকে বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার কালীতলা ঘাটে ত্রাণ বিতরণের সময় তিনি এ আহ্বান জানান

শনিবার সারিয়াকান্দি উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মতিউর রহমানের সঞ্চালনায় ওই ত্রাণ বিতরণ অনুষ্ঠানে আরো বক্তব্য দেন বগুড়া-১ (সারিয়াকান্দি-সোনাতলা) আসনের সংসদ সদস্য কৃষিবিদ আব্দুল মান্নান, কৃষিবিদ ইনস্টিটিউশনের যুগ্ম মহাসচিব অধ্যাপক ড. এ কে এম জাকির হোসেন, ইন্টারডিসিপ্লিনারি সেন্টার ফর ফুড সিকিউরিটি (আইসিএফ) পরিচালক অধ্যাপক ড. মো. শহীদুর রহমান খান, গ্র্যাজুয়েট ট্রেনিং ইনস্টিটিউটের (জিটিআই) পরিচালক এ কে এম রফিকুল ইসলাম এবং সংসদ সদস্যের সহধর্মিণী ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি শাহাদারা মান্নান। এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাকৃবির এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. আজহারুল ইসলাম, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানার প্রাণী পুষ্টি বিভাগের বিশেষজ্ঞ আবু সাঈদ মো. কামাল, বগুড়া জেলা বীজ উৎপাদন বিভাগের উপপরিচালক কৃষিবিদ সামছুদ্দোহা, বীজ বিতরণ বিভাগের উপপরিচালক মো. শওকত আলী, সারিয়াকান্দি উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল খালেক দুলু ও বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীরা।

এরপর বিকেল ৩টার দিকে সারিয়াকান্দি উপজেলা মাঠে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় অ্যালামনাই আয়োজিত বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের শস্যবীজ বিতরণ অনুষ্ঠানেও যোগ দেন উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আকবর। এসিআই এগ্রিবিজনেস ও মল্লিকা সিডের সৌজন্যে এ শস্যবীজ বিতরণ করা হয়। এখানে দেওয়া বক্তব্যেও তিনি 'বগুড়া-১ আসনের (সারিয়াকান্দি ও সোনাতলা উপজেলা) বর্তমান সংসদ সদস্য কৃষিবিদ আব্দুল মান্নানকে পুনরায় নির্বাচিত করার অনুরোধ জানান। তিনি বলেন, কৃষিবিদ আব্দুল মান্নান বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র থাকাকালে তুখোড় রাজনীতিবিদ ছিলেন। তিনি শাখা ছাত্রলীগের সভাপতি থেকে শুরু করে বাকসুর নির্বাচিত ভিপি ছিলেন। সোনাতলা-সারিয়াকান্দি উপজেলা মানুষের ভাগ্য উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছেন।' এ জন্য আগামী নির্বাচনে নৌকা মার্কায় ভোট দিয়ে তাঁকে পুনরায় নির্বাচিত করার অনুরোধ জানান তিনি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর